দৈনিক বাংলা

তারিখ 12 MAR 1991
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪

# আজ ঢাকা ভার্সিটি সিনেটে গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচন

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচন আজ মঙ্গলবার অনুষ্ঠিত হবে। নির্বাচনে দুইটি প্যানেলে এবং স্বতন্ত্র-ভাবে মোট ১১৯ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনে সকাল দশটা থেকে বেলা দুইটা পর্যন্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। এবারের নির্বাচনে ভোটার সংখ্যা হচ্ছে তিন হাজার ১০৫ জন। এরা সবাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র। সরাসরি ব্যালটের মাধ্যমে এবার সিনেটে রেজিস্টার্ড প্রতিনিধি নির্বাচন হচ্ছে। ডাক বিভাগের মাধ্যমে ভোট দেয়ার আগের প্রথা বাতিল করা হয়েছে।

সাদা প্যানেলের প্রার্থীদের মধ্যে রয়েছেন ঃ ডঃ এ এফ ইমাম আলী, শহিদুল্লাহ খান বাদল, গিয়াসউদ্দিন আহমদ চৌধুরী (গিয়াস কামাল চৌধুরী), হুসনা বানু খানম, ডঃ তৌহিদুল আনোয়ার প্রমুখ।

নীল ও গোলাপি গ্রুপ যৌথভাবে প্যানেল দিয়েছে। প্রার্থীদের মধ্যে আছেন ঃ ডঃ আরেফিন সিদ্দিক, ইসমত কাদির গামা, প্রফেসর আবদুল মান্নান চৌধুরী, মাহফুজা খানম, গ্যাব্রিয়েল মানিক গোমেজ প্রমুখ।